# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র | বিষয় কোড: ২৯২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ ফারুক সাহেব তুরাগ টেক্সটাইলের আর্থিক ব্যবস্থাপক। তিনি তার প্রতিষ্ঠানে কিছু নতুন মেশিন প্রতিস্থাপন করার জন্য ব্যাংক থেকে ১৩% সুদে ১০ বছরের জন্য ঋণ নিলেন। তারপর তিনি পুরো উৎপাদন শাখার হিসাব সংরক্ষণের জন্য প্রতিষ্ঠানকে ম্যানুয়াল থেকে ডিজিটালে রূপান্তর করলেন। বছর শেষে দেখা গেল লাভের পরিমাণ বেড়ে গেল এবং শেয়ারহোল্ডাররা খুশি। কিন্তু দেখা গেল ফারুক সাহেব EPS এর মাত্র ৩০% লভ্যাংশ ঘোষণা করলেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. পোর্টফোলিও বলতে কী বোঝায়? ২

গ. ফারুক সাহেব বিনিয়োগের কোন কাজটি করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফারুক সাহেবের লভ্যাংশ বিতরণে কোন লক্ষ্যের প্রতিফলন ঘটেছে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

২.▶ সাহেদ সাহেব শেয়ার ব্যবসা করেন। তিনি বিভিন্ন ব্যাংক, বিমা ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের শেয়ার কিনে আবার পরবর্তীতে একটু বাড়তি দামে বিক্রি করে লাভ করার চেষ্টা করেন। মাঝে মাঝে তিনি IPOতেও আবেদন করেন। যে বাজারে তিনি প্রতিদিন শেয়ার কেনাবেচা করেন, তাতে শেয়ারের বাজার দর নিয়ে তিনি অসন্তুষ্ট। প্রায় তিনি লক্ষ্য করেন যে শেয়ার অতিমূল্যায়িত হয় আবার অবমূল্যায়িত হয়। তিনি আরো সরকারি নিয়ন্ত্রণ আশা করেন।

ক. আই.পি.ও কী? ১

খ. OTC মার্কেট বলতে কী বোঝায়? ২

গ. সাহেদ সাহেব কোন ধরনের বাজারে প্রতিদিন লেনদেন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাহেদ সাহেব শেয়ার বাজার সংক্রান্ত যে নিয়ন্ত্রণ আশা করেন, বাংলাদেশের প্রেক্ষাপটে এই সংস্থার ভূমিকা মূল্যায়ন কর। ৪

৩.▶ শহিদ সাহেব ওয়ালটন থেকে বাকিতে একটি মোটরসাইকেল কিনলেন। আগামি ৩ বছরে তিনি প্রতি মাসে কিস্তি দিয়ে এ টাকা পরিশোধ করতে চান। হিসাব-নিকাশ করে ওয়াল্টন তাকে প্রতি মাসে ৩,৯১৩ টাকা কিস্তি পরিশোধ করতে বললেন, ওয়ালটন এর প্রত্যাশিত আয়ের হার ১৩%।

ক. পার্পেচ্যুয়েটি কী? ১

খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২

গ. মোটরসাইকেলটির মূল্য নির্ণয় কর। ৩

http://teachingbd.com

ঘ. মাসের শুরুতে শহিদ সাহেব কিস্তি দিলে মোটর সাইকেলটির দাম কত পড়বে? ৪

৪.▶ সাবিহা একটি পাঞ্জাবীর দোকান দিল। সে কাপড় কিনে এনে পাঞ্জাবী সেলাই করিয়ে বিক্রি করে। প্রতিটি পাঞ্জাবীতে ২০০ টাকার কাপড় লাগে আর প্রতি পাঞ্জাবী সেলাইয়ের জন্য দর্জিকে ১০০ টাকা দিতে হয়। তার শো-রুম ও সেলাই ঘর এর ভাড়া যথাক্রমে মাসিক ১০ হাজার ও ৫ হাজার টাকা। প্রতিটি পাঞ্জাবী সাবিহা ৮০০ টাকা করে বিক্রি করে।

ক. দত্তাংশ কী? ১

খ. ফ্রি নগদ প্রবাহ বলতে কী বোঝায়? ২

গ. সাবিহার দোকানের সমচ্ছেদ বিন্দু (এককে ও টাকায়) নির্ণয় কর। ৩

ঘ. প্রতি মাসে ৫০,০০০ টাকা লাভ করতে চাইলে সাবিহাকে প্রতি মাসে কতটি পাঞ্জাবী বিক্রি করতে হবে? ৪

৫.▶ সিলেট টেক্সটাইলের বার্ষিক বহিঃপ্রবাহ ২০ লক্ষ টাকা। তাদের হাতে অন্যান্য কোম্পানী ও সরকারি বন্ড মিলিয়ে ৫ লক্ষ টাকার সিকিউরিটিজ রয়েছে। প্রতিবার সিকিউরিটিজ কে নগদে রূপান্তর করতে ৭০ টাকা খরচ হয়। সিকিউরিটিজের আয়ের হার ২০%।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ বলতে কী বোঝায়? ২

গ. সিলেট টেক্সটাইলের কাম্য নগদের পরিমাণ কত হবে? ৩

ঘ. নগদে রূপান্তর ব্যয় ৭.৫% বৃদ্ধি পেলে সিলেট টেক্সটাইলের গড় নগদ কত হবে? ৪

৬.▶ হানিফ এন্টারপ্রাইজের ১৫% বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা, মেয়াদ ১০ বছর। বন্ডটি বাজারে ১,৩০০ টাকায় বিক্রি হচ্ছে। মেয়াদ শেষে এর মূল্য ১,৫০০ টাকায় পরিশোধ করা হবে। মূলধন ব্যয় ২০%। তারা অর্ধবার্ষিক সুদ গণনা করে।

ক. ইল্ড কী? ১

খ. জিরো কুপন বন্ড বলতে কী বোঝায়? ২

গ. বন্ডটির ভ্যালু নির্ণয় কর। ৩

ঘ. বন্ডটি ৭ বছর পর ১,৪০০ টাকায় তলব করলে এর ইল্ড টু কল নির্ণয় কর। ৪

৭.▶ সোহেল এন্ড কোং-এর ১০% ঋণ মূলধন ৩০ লক্ষ টাকা, ১৫% অগ্রাধিকার শেয়ার ২০ লক্ষ টাকা এবং সাধারণ শেয়ার ৫০ লক্ষ টাকা। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের লিখিত মূল্য ৫০০ টাকা এবং বাজার মূল্য যথাক্রমে ৯০০ ও ৭৫০ টাকা। কোম্পানি গত বছর ২৫% নগদ লভ্যাংশ

Teachingbd.com

ঘোষণা করেছে। লভ্যাংশের হার প্রতি বছর ৫% হারে বৃদ্ধি পায়। কর হার ৩০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. WACC বলতে কী বোঝায়? ২

গ. সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. কোম্পানিটির গড় মূলধন ব্যয় কত হবে? ৪

৮.▶ আজিজ পাইপ লি.-এর ঢাকা ও চট্টগ্রাম প্রকল্পে বিনিয়োগের সুযোগ রয়েছে। উভয় প্রকল্পের মেয়াদ ৫ বছর। প্রকল্প দু'টির বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হলো :

| প্রাথমিক বিনিয়োগ | প্রকল্প ঢাকা | প্রকল্প চট্টগ্রাম |
|---|---|---|
| | ৫০,০০০ টাকা | ৬০,০০০ টাকা |
| বছর | করপূর্ব মুনাফা (টাকায়) | |
| ১ | ২৫,০০০ | ৩০,০০০ |
| ২ | ৩০,০০০ | ২৫,০০০ |
| ৩ | ১৮,০০০ | ১৮,০০০ |
| ৪ | ২০,০০০ | ২২,০০০ |
| ৫ | ৩৫,০০০ | ৪০,০০০ |

কোম্পানির মূলধন ব্যয় ১৫% এবং কর হার ৩০%, ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা (উভয় প্রকল্পের ক্ষেত্রে)।

ক. অবচয় কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ২

গ. ঢাকা প্রকল্পের ARR নির্ণয় কর। ৩

ঘ. আজিজ পাইপের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত NPV নির্ণয়ের মাধ্যমে সিদ্ধান্ত দাও। ৪

৯.▶ আজহার সাহেব তাঁর সঞ্চিত ২৫ লক্ষ টাকা শেয়ার বাজারে বিনিয়োগ করতে চান। তিনি EXIM ব্যাংকের শেয়ার কিনতে চান। বর্তমানে বাজারে গড় আয়ের হার ১৪%, ঝুঁকিহীন আয়ের হার ৯% ও অপরিহারযোগ্য ঝুঁকি ১.৫।

ক. আদর্শ বিচ্যুতি কী? ১

খ. CAPM বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. EXIM ব্যাংকের প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকিহীন আয় ১০%, প্রকৃত আয়ের হার ১৫% হলে EXIM ব্যাংকের শেয়ার কিনা যুক্তিযুক্ত হবে কি না? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিমা ব্যবসায় কোন ঝুঁকি হ্রাস করা যায়?
ক আর্থিক　খ তারল্য
গ বিনিয়োগ　ঘ ব্যবসায়িক

২. মূলধন বাজেটিং এর সর্বোকৃষ্ট পদ্ধতি হলো—
ক গড় মুনাফার হার　খ নিট বর্তমান মূল্য
গ আন্তঃআয় হার　ঘ পে ব্যাংক সময়

৩. ব্যবসায় সর্বাধিক তরল সম্পদ হচ্ছে—
ক অগ্রিম ব্যয়　খ প্রাপ্য বিল
গ চেক/নগদ　ঘ মজুদ পণ্য

৪. Flotation Cost মূলধন ব্যয়কে কী করে?
ক বৃদ্ধি করে　খ হ্রাস করে
গ স্থির রাখে　ঘ নিষ্ক্রিয় করে

৫. পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য কী?
ক ঝুঁকি হ্রাস　খ আয় বৃদ্ধি
গ গড় মুনাফা　ঘ বিনিয়োগ বৃদ্ধি

৬. বাংলাদেশের পুঁজিবাজারের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?
ক অর্থ মন্ত্রণালয়　খ বিএসইসি
গ ডিএসই　ঘ বাংলাদেশ ব্যাংক

৭. অতিরিক্ত মূলধনের ব্যয়কে কী বলে?
ক প্রান্তিক ব্যয়　খ গড় ব্যয়
গ মোট ব্যয়　ঘ স্থির ব্যয়

৮. অর্থবাজারের হাতিয়ার হলো—
i. ব্যাংকের স্বীকৃতি পত্র
ii. পুনঃক্রয় চুক্তি
iii. হস্তান্তর যোগ্য দলিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. তারল্যের পরিমাণ বৃদ্ধি পেলে মুনাফা কী হতে পারে?
ক হ্রাস　খ বৃদ্ধি
গ অপরিবর্তিত　ঘ শূন্য

১০. কোম্পানির কর্তৃক ঋণপত্র বিক্রয় নগদ প্রবাহ বিবরণীতে কোন ধরনের কার্যক্রমে অন্তর্ভুক্ত হয়?
ক পরিচালন　খ বিনিয়োগ
গ অর্থায়ন　ঘ ব্যবসায়

১১. কোনটি মূলধন বাজেটিং মূল্যায়নের সনাতন কৌশল?
ক পরিশোধকাল
খ নিট বর্তমান মূল্য
গ অভ্যন্তরীণ মুনাফার হার
ঘ বাট্টাকৃত পরিশোধ কাল

১২. নিট আয়ের যে অংশ শেয়ার মালিকদের মধ্যে বণ্টন করা হয় না তাকে কী বলে?
ক সংরক্ষিত তহবিল　খ লভ্যাংশ
গ মোট মুনাফা　ঘ নিট মুনাফা

১৩. নিচের কোনটি চলতি সম্পত্তি?
ক নগদ টাকা　খ যন্ত্রপাতি
গ আসবাবপত্র　ঘ শেয়ারে বিনিয়োগ

১৪. বন্ড বা ডিবেঞ্চার ক্রয় করলে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে হয়?
ক ব্যবসায়িক　খ আর্থিক
গ তারল্য　ঘ বাজার

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
RK লি. মনিটর বিক্রয় করে থাকে। সারা বছর তাদের প্রত্যাশিত বিক্রয়ের পরিমাণ ৬২,৫০০ একক। প্রতি ফরমায়েশ ব্যয় ১,০০০ টাকা এবং প্রতিটি মনিটরের বহন খরচ ২০ টাকা।

১৫. RK লি. এর মোট মজুদ ব্যয় কত টাকা?
ক ৫০,০০০　খ ৬০,০০০
গ ৭০,০০০　ঘ ৮০,০০০

১৬. RK লি. এর বার্ষিক ফরমায়েশের পরিমাণ কতটি?
ক ২০　খ ২৫
গ ৩০　ঘ ৫০

১৭. RK লি. এর মিতব্যয়ী ফরমায়েশের পরিমাণ কত?
ক ২০০০ একক　খ ২৫০০ একক
গ ২৮০০ একক　ঘ ৩০০০ একক

১৮. RK লি. এর গড় মজুদের পরিমাণ কত?
ক ৭৫০　খ ১০০০
গ ১২৫০　ঘ ১৫০০

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**
ডাচ-বাংলা ব্যাংক প্রতি বছর গরিব ও মেধাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করে। এর ফলে উক্ত প্রতিষ্ঠানটির দেশব্যাপী সুনাম বৃদ্ধি পাচ্ছে।

১৯. ডাচ্-বাংলা কী ধরনের প্রতিষ্ঠান?
ক সরকারি　খ বেসরকারি
গ আধাসরকারি　ঘ স্বায়ত্তশাসিত

২০. ডাচ্-বাংলা ব্যাংক কর্তৃক গৃহীত উদ্যোগ কোনটির সাথে সম্পর্কযুক্ত?
ক সামাজিক দায়বদ্ধতার
খ নৈতিকতার
গ মূল্যবোধের
ঘ সম্পদ সর্বাধিকরণের

২১. শংকর জাতীয় সিকিউরিটি কোনটি?
ক রাইট শেয়ার　খ সাধারণ শেয়ার
গ অগ্রাধিকার শেয়ার　ঘ বোনাস শেয়ার

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**
সিলভা লিমিটেড ১০ কোটি টাকার শেয়ার বিক্রি করে। প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা হওয়ায় সকল শ্রেণির মানুষ শেয়ার ক্রয় করতে পারে।

২২. সিলভা লি. কোম্পানির শেয়ারহোল্ডাররা পেতে পারে—
ক সুদ　খ কমিশন
গ বোনাস　ঘ লভ্যাংশ

Teachingbd.com

http://teachingbd.com

২৩. সিলভা লি. কোন ধরনের ব্যবসা প্রতিষ্ঠান?
ক সমবায় সংগঠন
খ অংশীদারি ব্যবসা সংগঠন
গ পাবলিক কোম্পানি
ঘ প্রাইভেট কোম্পানি

২৪. সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ডকে কী বলে?
ক কর্পোরেট বন্ড
খ মিউনিসিপ্যাল বন্ড
গ ট্রেজারি বন্ড
ঘ বৈদেশিক বন্ড

২৫. কোনটি পরিবর্তনশীল ব্যয়?
ক অফিস ভাড়া
খ কাঁচামাল ক্রয়
গ ব্যবস্থাপকের বেতন
ঘ প্রহরীর বেতন

২৬. প্রত্যাশার বাইরে কিছু ঘটার সম্ভাবনাকে কী বলে?
ক নিশ্চয়তা
খ অনিশ্চয়তা
গ ঝুঁকি
ঘ অস্বাভাবিকতা

২৭. কোম্পানির নামের সাথে লিমিটেড শব্দটি থাকার অর্থ কী?
ক পরিচালকদের কর্তৃত্ব সীমাবদ্ধ
খ কোম্পানির মেয়াদ সীমাবদ্ধ
গ কোম্পানির মূলধন সীমাবদ্ধ
ঘ শেয়ারহোল্ডারদের দায় সীমাবদ্ধ

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**

কালাম একজন বর্গাদার কৃষক। তিনি ১ বিঘার একটি জমি ৫ বছরের জন্য বর্গা গ্রহণ করতে চাচ্ছেন। যার শর্ত হিসেবে জমির মালিককে এককালীন ১,০০,০০০ টাকা অথবা প্রতি বছর শেষে ২৬,০০০ টাকা অগ্রীম প্রদান করতে রাজি আছেন। বর্তমান বাজার সুদের হার ১৫%।

২৮. কালাম প্রতি বছর শেষে জমির মালিককে ২৬,০০০ টাকা প্রদান করতে চাচ্ছেন। এটি কোন ধরনের নগদ প্রবাহ?
ক বার্ষিক নগদ প্রবাহ
খ সাধারণ বার্ষিক প্রবাহ
গ অগ্রিম বার্ষিক প্রবাহ
ঘ অবিরত বার্ষিক বৃত্তি

২৯. কালাম প্রতি বছর শেষে ২৬,০০০ টাকা প্রদান করলে তার এই নগদ প্রদানের ভবিষ্যৎ মূল্য কত টাকা হবে?
ক ৪৫,৫০০
খ ১,৪৯,৪০০
গ ১,৭৫,৩০১.৯১
ঘ ২,০১,৫৯৭.২০

৩০. CAPM-এর উপাদানগুলো হলো—
i. ঝুঁকিমুক্ত আয় হার
ii. বাজার কোষপত্র আয় হার
iii. কোম্পানির ঝুঁকি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩১. অর্থায়নের প্রধান কার্যাবলি হলো—
i. তহবিল বন্টন
ii. তহবিল সংগ্রহ
iii. তহবিল সংরক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩২. সাধারণত নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়?
ক বিক্রয় ঋণ
খ বিক্রয়মূল্য
গ নগদান প্রবাহ
ঘ উৎপাদন খরচ

৩৩. বিনিময় বিল অবশ্যই হতে হবে—
i. লিখিত হতে হবে
ii. প্রস্তুতকারক কর্তৃক স্বাক্ষরিত হতে হবে
iii. নির্দিষ্ট ব্যাংক কর্তৃক অনুমোদিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩৪. তহবিল সংগ্রহের জন্য অভ্যন্তরীণ উৎস কোনটি?
ক পাওনাদার
খ ব্যবসায় ঋণ
গ ব্যাংক ঋণ
ঘ অবচয় সঞ্চিতি

৩৫. কোনটি মূলধনের সামগ্রিক ব্যয়—
ক গুরুত্ব প্রদত্ত মূলধন ব্যয়
খ ঋণপত্রের মূলধন ব্যয়
গ সাধারণ শেয়ারের মূলধন ব্যয়
ঘ অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয়

৩৬. নিচের কোনটির ক্ষেত্রে অর্থের সময় মূল্যের গুরুত্ব বেশি?
ক সুদের হার নির্ধারণ
খ আর্থিক অবস্থা নিরূপণ
গ বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ
ঘ ঋণের কিস্তি হ্রাস করা

৩৭. নিচের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত?
ক যে প্রকল্পের IRR সর্বনিম্ন
খ যে প্রকল্পের NPV সর্বাধিক
গ যে প্রকল্পের ARR সর্বনিম্ন
ঘ যে প্রকল্পের পেব্যাক সময় বেশি

৩৮. শেয়ার ও বন্ডের ভিন্নতা আছে—
i. প্রত্যাশিত আয়
ii. ঝুঁকিতে
iii. সুদের হার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩৯. কোন ঝুঁকির কারণে কোম্পানির দ্রুত বিলোপ সাধন হয়?
ক ব্যবসায়িক
খ আর্থিক
গ সুদের হারের
ঘ তারল্য

৪০. মূলধন বাজেটিং বাট্টাকৃত পদ্ধতিতে প্রয়োজন হয়—
i. অর্থের সময় মূল্য
ii. নগদ প্রবাহ
iii. প্রকল্পের মেয়াদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | গ |

http://teachingbd.com